

21899 - মেধা সম্পদ অধিকার

প্রশ্ন

মেধা সম্পদ অধিকারের ব্যাপারে মুসলিম ফিকাহবিদদের দৃষ্টিভঙ্গি কী; যেমন বাণিজ্যিক নাম, বাণিজ্যিক প্রতীক, গ্রন্থায়ন ও উদ্ভাবন অধিকার।

প্রিয় উত্তর

এক:

বাণিজ্যিক নাম, বাণিজ্যিক শিরোনাম, বাণিজ্যিক প্রতীক, গ্রন্থায়ন, উদ্ভাবন কিংবা আবিষ্কার এগুলো এর মালিকদের ব্যক্তিগত স্বত্ব। সমকালীন প্রথায় এর ধর্তব্য আর্থিক মূল্য রয়েছে; যার পেছনে মানুষ বিনিয়োগ করতে পারে। শরিয়তে এ স্বত্বগুলো ধর্তব্য। তাই এ স্বত্বগুলো লঙ্ঘন করা নাজায়েয।

দুই:

বাণিজ্যিক নাম, বাণিজ্যিক শিরোনাম কিংবা বাণিজ্যিক প্রতীক বেচাকেনা করা এবং এর কোনটি আর্থিক বিনিময়ের বিপরীতে হস্তান্তর করা জায়েয; যদি এতে ধোঁকাবাজি, প্রতারণা ও জালিয়াতি না থাকে। যেহেতু এটি আর্থিক অধিকারে পরিণত হয়েছে।

তিন:

গ্রন্থায়ন, উদ্ভাবন ও আবিষ্কার স্বত্ব শরিয়তে সুরক্ষিত। এগুলোর মালিকদের এগুলো বেচাকেনা করার অধিকার রয়েছে। এ স্বত্বগুলোর ওপর সীমালঙ্ঘন করা নাজায়েয। আল্লাহই সর্বজ্ঞ।